কালের কণ্ঠ

তারিখ ... 14 JUN 2017 ...
পৃষ্ঠা ...2... কলাম ...8...



রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে গতকাল সেরা মেধাবীদের হাতে পুরস্কার তুলে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

ছবি : পিআইডি

## সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৭

# পুরস্কৃত হলো ১০৮ মেধাবী

নিজস্ব প্রতিবেদক ▷

সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৭-এর জাতীয় পর্যায়ে নির্বাচিত সেরা ১০৮ জন মেধাবীর মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সেরা মেধাবীদের হাতে পুরস্কার তুলে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

১২ জন সেরা মেধাবীকে এক লাখ করে এবং অন্য ৯৬ জন প্রতিযোগীকে পাঁচ হাজার টাকা করে প্রদান করা হয়। এ ছাড়া তিনটি গ্রুপের ১২ জন সেরা মেধাবী বিদেশে পাঁচ দিনের শিক্ষা সফরের সুযোগ পাবে। সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত তিনটি গ্রুপে মোট চারটি বিষয়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিষয়গুলো হলো ভাষা ও সাহিত্য, দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান, গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষাক্ষেত্রে সার্বিক পরিবর্তন হয়েছে। সব পরিবারের ছেলে-মেয়েরা এখন স্কুলে যাওয়ার সুযোগ পাচ্ছে। আমরা শিক্ষাকে একটি সৃজনশীল ধারায় নিয়ে যাওয়ার চেষ্টা করছি। এ জন্য শিক্ষকদের পাঠদানের কৌশল, শ্রেণিকক্ষের পরিবেশ বদলাতে হবে। শিক্ষার লক্ষ্য হচ্ছে, পড়ার আগ্রহ ও মেধা বিকাশের সুযোগ তৈরি করা এবং নিজের শক্তিকে কাজে লাগানোর চেষ্টা করা। শুধু পাঠ্য বইয়ের শিক্ষায় নিজেদের সীমাবদ্ধ না রেখে নিজেকে পরিপূর্ণ বিকাশের সুযোগ নিতে হবে।

শিক্ষা মন্ত্রণালয় ২০১৩ সাল থেকে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করে আসছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে আরো বক্তব্য দেন কারিগরি ও মাদরাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান প্রমুখ।